

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২২.৩৩.০১০.২০-১৯৮

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯
৩০ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি গাজীপুর এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৭৮২), আল রাজী কমপ্লেক্স (৪র্থ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনি সমন্বয়কারী হজ এজেন্সি হিসেবে লিড এজেন্সি মাজিদ ট্রাভেল ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৯৯০) এর সাথে সমন্বয় করে ২০২২ সালে হজ কার্যক্রম পরিচালক করছেন এবং যেহেতু উক্ত হাজীগণ অবর্ণনীয় ভোগান্তির স্বীকার হচ্ছে মর্মে আপনি এ মন্ত্রণালয়কে অবহিত করেছেন; এবং

০৪। যেহেতু আপনি মাজিদ ট্রাভেল ইন্টারন্যাশনাল এজেন্সির হজযাত্রীর কষ্ট/ভোগান্তি লাঘবের জন্য মোনাঞ্জেম হিসেবে সৌদি আরব গমনের জন্য অনুরোধ করেছেন এবং মোনাঞ্জেম হিসেবে নিয়োগপ্রাপ্ত মর্মে মন্ত্রণালয়কে মৌখিকভাবে জানিয়েছেন; এবং

০৫। যেহেতু মোনাঞ্জেম সংক্রান্ত তথ্য যাচাইয়ে দেখা যায় লিড এজেন্সির মোনাঞ্জেম রাজু আহমেদ (পাসপোর্ট নং- BW0575780) এবং যেহেতু আপনার বর্ণিত তথ্য অসত্য মর্মে প্রতীয়মান হয়েছে; এবং

০৬। যেহেতু আপনার এজেন্সির এরূপ কার্যক্রম সূষ্ঠ হজ ব্যবস্থাপনার অন্তরায় এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৭। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী আপনার কর্তৃক পরিচালিত গাজীপুর এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৭৮২) এর জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

গাজীপুর এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৭৮২)

আল রাজী কমপ্লেক্স (৪র্থ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, পুরানা পল্টন, ঢাকা-১০০০

নম্বর: ১৬.০০.০০০০.০২২.৩৩.০১০.২০-১৯৮

তারিখ: ৩০.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব {মাজিদ ট্রাভেল ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৯৯০) এর হজযাত্রীর বিষয়ে সৌদি আরবে বাস্তব অবস্থা সরেজমিনে পরিদর্শন করানোপূর্বক এতদ্বিষয়ে প্রতিবেদন দাখিল করার অনুরোধসহ}।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, মাজিদ ট্রাভেল ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৯৯০), ৩১৪/এ/৫, দক্ষিণ যাত্রাবাড়ী (৫ম তলা), ঢাকা (আপনার এজেন্সির হজযাত্রীদের বর্তমান অবস্থা মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
৯. অফিস কপি।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব